



6962 - যিনি মৃতব্যক্তিকে গোসল দিয়েছেন তিনি গোসল করবেন

প্রশ্ন

যিনি মৃতব্যক্তিকে গোসল দিয়েছেন জানাযার নামায পড়ার আগে তার পোশাক পরবির্তন করা কিংবা গোসল করা কি আবশ্যকীয়?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

আলমেদরে সঠিক মতানুযায়ী মৃতব্যক্তিকে গোসলদানকারীর জন্য গোসল করা মুস্তাহাব; ওয়াজবি নয়।

এটি ইবনে আব্বাস (রাঃ), ইবনে উমর (রাঃ), আয়শো (রাঃ), হাসান বসরী (রহঃ), ইব্রাহিম নাখায়ী (রহঃ), শাফয়ে (রহঃ), আহমাদ (রহঃ), ইসহাক্ব (রহঃ), আবু ছাওর (রহঃ), ইবনুল মুনযরি (রহঃ) ও কয়্যাসপন্থীদের অভিমত। ইবনে কুদামা (রহঃ) এই অভিমতকে প্রাধান্য দিয়েছেন।

[দখুন: সুনানে তরিমযি (৩/৩১৮), আল-মুগনী (১/১৩৪)]

শাইখ আলবানী (রহঃ):

যে ব্যক্তি কোন মৃতব্যক্তিকে গোসল দিয়েছেন তার জন্য গোসল করা মুস্তাহাব। যহেতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন: “যে ব্যক্তি মৃতব্যক্তিকে গোসল দিয়েছে তার উচতি গোসল করা। আর যে ব্যক্তি মৃতব্যক্তিকে বহন করেছে তার উচতি ওয়ু করা।” [সুনানে আবু দাউদ (২/৬২-৬৩), সুনানে তরিমযি (২/১৩২)... হাদিসটির কোন কোন সনদ হাসান, আর কোন কোন সনদ ইমাম মুসলমিরে শরত্বে উত্তীর্ণ সহিহ...। ইবনুল কাইয়যমে “তাহযবিস সুনান” গ্রন্থে হাদিসটির এগারটি সনদ উল্লেখ করেছেন। এরপর বলছেন: “এ সনদগুলো প্রমাণ করে যে, হাদিসটি সংরক্ষিত”।

আমি বলব: ইবনুল কাত্তান হাদিসটিকে সহিহ বলছেন, একইভাবে বলছেন ইবনে হায়ম “আল-মুহাল্লা”-তে (১/২৫০), (২/২৩-২৫), ইবনে হাজার “আল-তালখিস” (২/১৩৪-মুনরিযিয়া)-এ এবং তিনি বলেন: “হাদিসটির সর্বনমিন অবস্থা হলো: হাসান হওয়া”।

নরিদশেসূচক ক্রয়ীর বাহ্যিক নরিদশেনা হলো: ওয়াজবি সাব্যস্ত করা। কিন্তু আমরা ওয়াজবি বলনি অন্য দুটি মাওকূফ হাদিসের কারণে। যে হাদিসদ্বয় মারফু হাদিসের মর্যাদায় গণ্য:



১। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত: “যদি তোমরা তোমাদের মৃতব্যক্তিকে গোসল দাও এতে করে তোমাদের উপর গোসল করা ওয়াজবি নয়। কনেনা তোমাদের মৃতব্যক্তি নাপাক নয়। তোমাদের হাতগুলো ধুয়ে নয়ো যথেষ্ট।” [মুস্তাদরাকে হাকমে (১/৩৮৬), সুনানে বাইহাকী (৩/৩৯৮)]

২। ইবনে উমর (রাঃ) এর উক্তি: “আমরা মৃতব্যক্তিকে গোসল দিতাম। আমাদের মধ্যে কউে গোসল করত। আর কউে গোসল করত না।” [সুনানে দারাকুতনী (১৯১), আল-খাতীব ‘তারীখ’ গ্রন্থে (৫/৪২৪) সহহি সনদে; যমেনটি বলছেন: ইবনে হাজার। ইমাম আহমাদও সন্দেকে ইঙ্গতি করছেন। খতীব তাঁর থেকে বর্ণনা করছেন যে, তিনি তাঁর ছলেকে এ হাদসিট লিখোর প্রতী উদ্বুদ্ধ করছেন। [সমাপ্ত] [আহকামুল জানায়যি (৭১, ৭২)]

এই অভিমতটিকে স্থায়ী কমটি প্রাধান্য দয়িছেন (১/৩১৮) এবং শাইখ ইবনে উছাইমীন আল-শারহুল মুমত গ্রন্থে (১/২৯৫)।

পাশোক ধোয়া সম্পর্কে: সুন্নাহতে এই মর্মে কোন কছি নহে। না ওয়াজবি; আর না মুস্তাহাব।